# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Office of
The Project Director
PMU- Cluster Project
149, Motijheel C/A. Dhaka-1000.
Tel. 02- 9566600
email: pd. pmu. cluster @ bwdb. gov.bd

প্রকল্প পরিচালকের দপ্তর
পিএমইউ - ক্লাষ্টার প্রজেক্ট
১৪৯, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।
টেলিফোন: ০২- ৯৫৬৬৬০০
email: pd. pmu. cluster @ bwdb. gov.bd

স্মারক নং-পাউবো/প্র:পরি:/পিএমইউ-ক্লাষ্টার প্রজেক্ট/ ১৩৪ — তারিখঃ ০৫/১২/২০১৯খ্রিঃ

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের অকেজো,অচল এবং ব্যবহার অযোগ্য মেরামত অনুপযোগী এবং অপ্রয়োজনীয় আসবাবপত্র দ্রব্য-সামগ্রী ও যন্ত্রপাতি যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে এক লটে প্রকাশ্য নিলামে বিক্রয়ের নিমিত্ত নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে ১২/১২/২০১৯ খ্রি: তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় উল্লিখিত মালামাল সমূহ অত্র দপ্তরে প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হবে। নিলামের শর্তাবলী নিম্নে প্রদত্ত হলোঃ

১। আগামী ১২/১২/২১০৯ খ্রি: তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় পরিচালক, পিএমইউ-ক্লাষ্টার প্রজেক্ট, বাপাউবো, ঢাকা ১৪৯, আনছার চেম্বার, মতিঝিল বা/এ, ঢাকা প্রকাশ্য নিলামে অংশগ্রহনে ইচ্ছুকগণ ১১/১২/২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত প্রতি কর্ম দিবসে ১১.০০ ঘটিকা হতে ১৩.০০ ঘটিকা পর্যন্ত অত্র দপ্তরের উপ-সহকারী প্রকৌশলী এর সহিত যোগাযোগ করে অত্র দপ্তরে নিলামের জন্য রক্ষিত মালামালগুলি পরিদর্শন করতে এবং উক্ত মালামাল সমূহের সিডিউল সোনালী ব্যাংক ওয়াপদা কর্পোরেট শাখা হইতে গ্রহন করতে পারবেন।

২। চুড়ান্ত নিলামে অংশ গ্রহনের নিমিত্ত ১১/১২/২০১৯ ইং তারিখের ব্যাংকিং সময় সীমার মধ্যে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক দরপত্রের মূল্য বাবদ ৫০০/ (পাঁচশত) টাকা মাত্র (ফেরত অযোগ্য) সোনালী ব্যাংক ওয়াপদা কর্পোরেট শাখায় জমা প্রদান করে নিলাম সিডিউল ক্রয় করতে হবে।

৩। নিলামে সর্বোচ্চ উদ্ধৃত দর দাতাকে (সকল শর্ত পূরন স্বাপেক্ষে) কার্যাদেশ প্রাপ্তির পর ০৩ (তিন) দিনের মধ্যে মালামাল নিজ দায়িত্বে সরিয়ে নিতে হবে। উল্লেখ্য, কার্যাদেশ প্রাপ্ত দরদাতাকে নিলাম মালামাল সরানোর আগেই নিলাম ডাকের মূল্য এবং নিলাম ডাকের মূল্যের অতিরিক্ত ২% আয়কর ও ৭.৫০% ভ্যাট এর পৃথক পৃথক পে-অর্ডার উপ-পরিচালক, কেন্দ্রীয় ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র,বাপাউবো, ঢাকা এর নামে পে-অর্ডার কাটতে হবে, এবং উল্লিখিত পে-অর্ডার সমূহ উপ-সহকারী প্রকৌশলী, অত্র দপ্তরের এর নিকট দাখিল করতে হবে। অন্যথায়, ডাক বাতিল পূর্বক সমুদয় জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং পরবর্তী সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে অথবা পুন:নিলাম ডাকের আয়োজন করা হবে।

৪। সর্বোচ্চ উদ্ধৃত দরদাতার দর গ্রহণ করতে নিম্নস্বাক্ষরকারী বাধ্য নহেন। নিম্নস্বাক্ষরকারী সকল দর কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(আজিজ মোহাম্মদ চৌধুরী)
প্রকল্প পরিচালক/অতি: প্রধান প্রকৌশলী
পিএমইউ ক্লাষ্টার প্রজেক্ট
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-পাউবো/প্র:পরি:/পিএমইউ-ক্লাষ্টার প্রজেক্ট/ ১৩৪/১(৫) — তারিখঃ ০৫/১২/২০১৯খ্রিঃ

১। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর,বাপাউবো, ঢাকা।
২। পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর,বাপাউবো, ঢাকা।
৩। সিষ্টেম এনালিষ্ট, বাপাউবো, ঢাকা। তাঁহাকে নিলাম বিজ্ঞপ্তিটি বাপাউবোর ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হইল।
৪। উপ-পরিচালক, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র. বাপাউবো,ঢাকা।
৫। ম্যানেজার, সোনালী ব্যাংক, বি-ওয়াপদা, করপোরেট শাখা,মতিঝিল। তাঁহাকে দর পত্র সিডিউল এর বিক্রত মূল্য রাজস্ব কোড নং ১৬১৯৬৩৪০৪৭৯৫৭ (সঞ্চয়ী) একাউন্ট নম্বরে কেন্দ্রীয় ব্যাক আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা এর বরাবরে জমা করার জন্য পরামর্শ দেওয়া হইল এবং অবিক্রিত সিডিউল অত্র দপ্তরে ফেরত দেওয়ার জন্য অনুরোধ করা হলো :
৬। নির্বাহী প্রকৌশলী, পিএমইউ- কাষ্টার প্রজেক্ট, বাপাউবো, ঢাকা। । তাঁহাকে উক্ত নিলাম আয়োজন সফলভাবে সম্পাদনে সার্বিক দায়িত্ব প্রদান করা হলো:-

(আজিজ মোহাম্মদ চৌধুরী)
প্রকল্প পরিচালক/অতি: প্রধান প্রকৌশলী
পিএমইউ ক্লাষ্টার প্রজেক্ট
বাপাউবো, ঢাকা।